


**জেলা- নদীয়া, মোকাম- নবদ্বীপের মাননীয় সিভিল জজ (জুঃ ডিঃ) আদালত**

**দেওয়ানী মোকদ্দমান নং - ৩৭ /২০২৫**

R-39/25

**বাদী :-** **১) সুদীপ লাহিড়ী,** বয়স- ৪৭ বৎসর,

পিতা- স্বর্গীয় মাধব লাহিড়ী,

**২) শ্রাবণী লাহিড়ী,** বয়স- ৩৭ বৎসর,

স্বামী- সুদীপ লাহিড়ী,

উভয়ের সাং- নবদ্বীপ তেঘড়ীপাড়া রেলওয়ে লাইনঘাট রোড,

পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া।

**বনাম**

**বিবাদী :-** **১) অলোক কুমার চ্যাটাজ্জী,** বয়স- ৬৪ বৎসর,

**২) অশোক চ্যাটাজ্জী,** বয়স- ৬২ বৎসর,

**৩) আশিষ চ্যাটাজ্জী,** বয়স- ৫৮ বৎসর,

**৪) দেবাশিষ চ্যাটাজ্জী,** বয়স- ৫৫ বৎসর,

**৫) মানব চ্যাটাজ্জী,** বয়স- ৫৩ বৎসর,

**৬) কেকা মুখাজ্জী (চ্যাটাজ্জী),** বয়স- ৭০ বৎসর,

**৭) কাকলী হালদার,** বয়স- ৫৪ বৎসর,

সকলের পিতা- স্বর্গীয় জীবন কৃষ্ণ চ্যাটাজ্জী,

**৮) স্বপন ব্যানাজ্জী,** বয়স- ৭০ বৎসর,

পিতা- অজ্ঞাত,

**৯) নীলু চ্যাটাজ্জী,** বয়স- ৫৬ বৎসর,

পিতা- মৃত গোবিন্দ চ্যাটাজ্জী,

**১০) স্নেহাশিষ চ্যাটাজ্জী,** বয়স- ২৫ বৎসর,

পিতা- দেবাশিষ চ্যাটাজ্জী,

সর্ব সাং- তেঘড়ীপাড়া, পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া।

চিরস্থায়ী নিষেধাজ্ঞার মোকদ্দমা।

দাবী ১০০/- টাকা।

বাদীগণের নালিশের বিবরণ এই যে, ::

১) বাদীগণ তপশীল বর্ণিত সম্পত্তির মালিক হইতেছেন। বাদীগণ উক্ত সম্পত্তি সন্দীপ চট্টোপাধ্যায় দীগরের নিকট হইতে রেজিঃ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করেন, যাহার নং ২৭৬৫/২০০৯। তারপর বাদীগণ নবদ্বীপ পৌরসভা ও নবদ্বীপ সেটেলমেন্ট অফিসে নিজ নিজ নাম পত্তন করিয়া ভোগদখল করিতে থাকেন।

২) নালিশী সম্পত্তি বর্তমানে ফাঁকা অবস্থায় আছে। নালিশী সম্পত্তিতে প্রবেশ করিবার একমাত্র পথ যাহা এই মামলার বিচার্য্য বিষয় হইতেছে, যাহা 'খ' তপশীলে বর্ণিত হইল। বাদীর সম্পত্তি 'ক' তপশীল বর্ণিত হইল। 'ক' তপশীল বর্ণিত সম্পত্তির পূর্ব দিকে কমন রাস্তা যাহার চলাচলের অধিকার, বাদীগণের রেজিঃ দলিলে উল্লেখ আছে এবং উক্ত দলিলের দাতাগণের পূর্বাধিকারীদের বিভাগ বন্টন দলিলে বর্ণিত আছে। উক্ত বন্টননামা দলিল নং ২০৭০/২০০১.

৩) বাদীগণ উক্ত সম্পত্তি খরিদ করিবার পর নালিশী পথ দিয়া বাদীগণ 'ক' তপশীল বর্ণিত সম্পত্তিতে যাইবার চেষ্টা করিলে বিবাদীগণ বাদীদের বাধা দান করেন। যাহার ফলে বাদীগণ তাহাদের খরিদা নালিশী 'ক' তপশীল বর্ণিত সম্পত্তিতে প্রবেশ করিতে পারিতেছেন না।

৪) বাদীগণ ইংরাজী ০৪/০৩/২০২৫ তারিখে আমিন লইয়া নালিশী সম্পত্তি যান ম্যাপ করিবার জন্য, সেই সময় বিবাদীগণ ও তাহাদের হাতের লোকজন বাদীগণ ও আমিন কে নালিশী সম্পত্তিতে ঢুকিতে বাধা দেন। বিবাদীদের বাধা দানের জন্য 'ক'

তপশীল বর্ণিত সম্পত্তি জঙ্গলে পরিণত হইয়াছে। বাদীগণ জঙ্গল ও পরিষ্কার করিতে পারিতেছেন না, বিবাদীদের প্রবল বাধার কারণে। বাদীগণ 'ক' তপশীল বর্ণিত সম্পত্তিতে গৃহাদী নির্মান করিতে না পারিবার জন্য দীর্ঘ্য কয়েক বৎসর ভাড়া বাড়ীতে বসবাস করিতেছেন। নালিশী পথ যেমন বাদীগণ ব্যবহার করিতে পারিবেন, সেইরূপ বিবাদীগণ ও ব্যবহার করিতে পারিবেন। বিবাদীগণ নালিশী পথ ব্যবহার করিতেছেন, আর বাদীগণ ব্যবহার করিতে গেলে বিবাদীগণ ও তাহাদের হাতের গুন্ডারা বাদীদের বাধা দিতেছেন ও মারধোর করিতে উদ্যত হইতেছেন। বাদীগণ অত্যন্ত ভদ্র ও আইন মান্যকারী হইতেছেন, যাহার ফলে বাদীগণ কোন বল প্রয়োগ করিতেছেন না। বাদীগণ আদালতের শরণাপন্ন হইলেন। বাদীগণ কে নালিশী পথ ব্যবহার করিতে বাধা দেবার কোন আইনী ক্ষমতা বিবাদীদের নাই। বিবাদীগণ সংখ্যায় বেশী এবং তাহাদের লোকবল থাকায় বাদীগণকে 'খ' তপশীল বর্ণিত পথ ব্যবহারে বাধা দিতেছেন। বাদীগণ যদি চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রী না পান, তাহা হইলে বাদীগণের অপূরণীয় ক্ষতি হইবে, যাহা অর্থ দ্বারা পূরণ করা সম্ভব হইবে না।

৫) মামলার কারণ ইং ০৪/০৩/২০২৫ তারিখে ও তাহার পূর্বে ও এখনো চলিতেছে। নালিশী সম্পত্তি নবদ্বীপ থানার অন্তর্গত তেঘড়ীপাড়া অবস্থিত হইবার কারণে বর্তমান মামলা অত্র আদালতের বিচার্য্য বিষয় হইতেছে।

৬) বাদীগণ ১০০/- টাকার দাবীর উপর ১০/- টাকার কোর্ট ফি দিয়া এই মামলা দাখিল করিয়া প্রার্থনা করিতেছেন যে, ::

ক) বিবাদীগণ ও তাহাদের হাতের লোকজন যাহাতে বাদীগণকে 'খ' তপশীল বর্ণিত পথ অবাধ চলাচলে কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিতে না পারেন, তদবাবদ

বাদীগণের অনুকূলে ও বিবাদীদের বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রী দিতে আজ্ঞা হয়;

খ) অন্যান্য প্রতিকার;

গ) মামলার খরচা;

**'ক' তপশীল**

জেলা- নদীয়া, থানা- নবদ্বীপ, মৌজা- ২৯নং তেঘড়ী, হোল্ডিং নং ১৯২/২, তেঘড়ীপাড়া রোড, ওয়ার্ড নং ২৪, নবদ্বীপ পৌরসভা -

| মৌজা | খতিয়ান | দাগ | রকম | পরিমান |
|---|---|---|---|---|
| ২৯নং তেঘড়ী | ৪৯৮৩ | ১৬৫ | বাড়ী | ২.৩৭ শতক |
| | ৪৯৮৪ | | বর্তমানে ফাঁকা | |

**'খ' তপশীল**

জেলা- নদীয়া, থানা- নবদ্বীপ, মৌজা- ২৯নং তেঘড়ী, তেঘড়ীপাড়া রোড, ওয়ার্ড নং ২৪, নবদ্বীপ পৌরসভার অধীন বাদীগণের সম্পত্তির পূর্ব দিকে বাদীগণের একমাত্র চলাচলের রাস্তা।

**চৌহদ্দী ::**

উত্তরে- সাধন ব্যানাজ্জী, দীং এর সম্পত্তি,

দক্ষিণে- করুণাময় কুন্ডু'র বাড়ী,

পূর্বে- কমন প্যাসেজ,

পশ্চিমে- প্রণতি কুন্ডু'র সম্পত্তি।

# হলফনামা

আমি, সুদীপ লাহিড়ী, বয়স- ৪৭ বৎসর, পিতা- স্বর্গীয় মাধব লাহিড়ী, জাতি- হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- চাকুরী, সাং- নবদ্বীপ তেঘড়ীপাড়া রেলওয়ে লাইনঘাট রোড, পোঃ ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, এই মর্মে প্রতিজ্ঞা পূর্বক কহিতেছি যে, ::-

১) আমি উপরোক্ত নং মোকদ্দমার ১নং বাদী বিধায় অত্র হলফনামা করিবার উপযুক্ত ব্যক্তি হইতেছি।

২) অত্র মোকদ্দমার লিখিত বিবরণ সকল আমার কথা মত লেখা হইয়াছে, এবং ইহা আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য হইতেছে।

সুদীপ লাহিড়ী
হলফকারী

সনাক্তকারী
Bikas Mandal
Advocate

Sl. 818 Date:- 07.03.2025
Solemnly affirm before me on identification of Advocate / Clerk
S. Ghosh
Sulekha Ghosh
Notary
Govt. of West Bengal
Regn. No.-158 / 2024
Nabadwip, Nadia

07 MAR 2025